# এইচ এস সি ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ইসলাম শিক্ষা প্রথম পত্র

বিষয় কোড: ২ ৪ ৯

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

মান — ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

**১.▶** জনাব আকবর সাহেব একজন সম্পদশালী ব্যক্তি। তিনি মহানবী (সাঃ) এর আদর্শে উজ্জীবিত হয়ে মদীনার মসজিদে নববীর আলোকে কোমলমতি সন্তানদেরকে প্রাথমিক শিক্ষা দেয়ার জন্য তার গ্রামে একটি মকতব প্রতিষ্ঠা করেন। যাতে কোমলমতি সন্তানরা ধর্মীয় জ্ঞান লাভ করতে পারে। এলাকার মসজিদের ইমাম মুয়াজ্জিন যাতে পাঠ দান করতে পারে সে ব্যবস্থা করলেন। তিনি মকতবের সকল ব্যয়ভার- যথা ইমাম মুয়াজ্জিন এর বেতন মকতবের আনুষাঙ্গিক খরচ নিজের পক্ষ থেকে বহন করে।

ক. কোরআন শব্দের অর্থ কি? ১

খ. কোরআন একটি পূর্ণাঙ্গ জীবন বিধান বুঝিয়ে লিখ। ২

গ. জনাব আকবর সাহেব কোন ধরনের প্রতিষ্ঠান চালু করেন এবং এতে কি কি ভূমিকা রাখবে বলে তোমার মনে হয় ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব আকবর সাহেব এর মত এ ধরনের প্রতিষ্ঠানের প্রয়োজনীয়তা আছে কি? থাকলে তোমার মতামত দলিলসহ প্রমাণ কর। ৪

**২.▶** জনাব আমজাদ সাহেব মুসলিম মিল্লাতকে বিজ্ঞান ও প্রযুক্তি চর্চা করতে এবং তাদের মধ্যে শিক্ষা ও বিজ্ঞানের উন্নয়ন প্রচার ও প্রসার ঘটাতে সক্রিয়ভাবে নিরলস আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছেন। দেশের বিভিন্ন স্থানে ইসলামী শিক্ষার প্রচার-প্রসারের জন্য দাওয়াতি কাজ চালিয়ে যান। কারণ তিনি জানতেন এক সময় সমগ্র বিশ্বে মুসলমানগণ জ্ঞান-বিজ্ঞান তথা প্রযুক্তির অনেক অবদান রাখেন। তিনি শিক্ষা বিস্তারের জন্য বাস্তবমুখী কার্যকরী পদক্ষেপ গ্রহণ হিসেবে নিজ এলাকায় 'বায়তুল হিকমাহ' নামক একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন। এখানে ধর্মীয় শিক্ষা পাশাপাশি প্রযুক্তি চর্চা সাহিত্য, ব্যাকরণ ইত্যাদি বিষয় অধ্যয়ন করার সুযোগ সৃষ্টি করেন। শিক্ষার মান উন্নয়নের জন্য তিনি নিজেই এ প্রতিষ্ঠানের শিক্ষকতার পেশায় নিযুক্ত হন।

ক. সর্বপ্রথম মাধ্যাকর্ষণ শক্তি কে আবিষ্কার করেন। ১

খ. মুসলিম বিজ্ঞানী জাবির ইবনে হাইয়্যান এর পরিচয় দাও। ২

গ. জনাব আমজাদ সাহেব কোন মহান ব্যক্তিত্বের আদর্শের অনুসরণ করেন বলে মনে হয়? বুঝিয়ে লিখ। ৩

ঘ. জনাব আমজাদ সাহেব এর বায়তুল হিকমাহ নামক প্রতিষ্ঠান এ যুগে প্রয়োজনীয়তা আছে কি? থাকলে তোমার মতামত যুক্তি সহকারে লিখ। ৪

**৩.▶** আফরোজা পারভীন মহান আল্লাহ ও তার রাসূলের আদেশ-নিষেধ মেনে চলার চেষ্টা করেন। প্রতিবেশীর অন্যান্য মেয়েদের তাকওয়া অবলম্বন না করায় তিনি অত্যন্ত ব্যথিত। সে প্রত্যহ পবিত্র কোরআন তিলাওয়াত করেন এবং পবিত্র কোরআন তিলাওযাতের মাধ্যমে জানতে পারেন মহান আল্লাহ সূরা আল হুজুরাতে বলেন, "আল্লাহর নিকট সবচেয়ে বেশি সম্মানিত যে ব্যক্তি সবচেয়ে

http://teachingbd.com

বেশি তাকওয়াবান।" মহান আল্লাহর এ আয়াতটি পড়ে তার হৃদয়ে আরও খোদাভীতি সৃষ্টি হয়। পবিত্র কোরআনের মর্মার্থ উপলব্ধি করে সে অন্যান্য মেয়েদেরকে পবিত্র কোরআনের আলোকে তাদের জীবন চরিত্র গঠনের পরামর্শ দেন।

ক. তাকওয়া শব্দের অর্থ কী? ১
খ. মিথ্যা সকল পাপের মূল কেন? বুঝিয়ে লিখ। ২
গ. প্রতিবেশী মেয়েদের জন্য আফরোজা পারভীনের পরামর্শ_ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে পবিত্র কোরআনের বাণীর তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৪.▶ ডাঃ আঃ করিম এর চেম্বারে রাত ১০-৩০ একজন অসুস্থ ব্যক্তি চিকিৎসার জন্য আসেন, ঐ সময় তিনি গুরুত্বপূর্ণ কোন কাজের উদ্দেশ্যে বের হচ্ছেন। তিনি গুরুত্বপূর্ণ কাজের উদ্দেশ্যে যাচ্ছেন এ মর্মে অসুস্থ ব্যক্তিকে অনুরোধ করেন। তিনি এখন রোগী দেখতে পারবেন না। শেষ পর্যন্ত অসুস্থ ব্যক্তির অনুরোধে তাড়াহুড়া করে রোগী দেখেন এবং ব্যবস্থাপত্র লিখে দেন। বাড়িতে গিয়ে ঐ ব্যবস্থাপত্রের ঔষদ খেযে দুর্ভাগ্যবশত লোকটি মারা যায়।

ক. আশরাফুল মাখলুকাত শব্দের অর্থ কী? ১
খ. হাক্কুল ইবাদ বলতে কি বুঝ? বুঝিয়ে লিখ। ২
গ. ডাঃ আঃ করিম এর মধ্যে কোন জিনিসের অভাব পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে যে ঘটনাটি ঘটেছে সমাজ জীবনে তার কী ধরনের প্রভাব পড়তে পারে বিশ্লেষণ কর। ৪

৫.▶ জনাব আঃ জব্বার একজন ব্যাংক কর্মকর্তা। তিনি দাদা-দাদি, ভাই বোন ছেলে-মেয়ে নিয়ে একত্রে বসবাস করেন। তিনি পরিবারে সময় দিতে না পেরে ছেলেমেয়েদেরকে হোস্টেলে রেখে লেখাপড়া করান। আর জব্বার-একদিন তার এক আত্মীয়ের বাসায় বেড়াতে আসেন। তিনি আঃ জব্বার এর ছেলেমেয়েদের সালাম, আদব-কায়দা ইত্যাদি দেখে তিনি অত্যন্ত মুগ্ধ হন। সেখান থেকে জনাব আঃ জব্বার উপলব্ধি করলেন সন্তানদের জন্য একটি নির্দিষ্ট সময় রেখে তাদেরকে আদব-কায়দা ইত্যাদি শিক্ষা দিতে হবে। কারণ পরিবারই হচ্ছে বিশ্ব প্রকৃতির শাশ্বত রূপ।

ক. পরিবার কাকে বলে? ১
খ. সমাজ জীবনে প্রাথমিক ইউনিট পরিবার- ব্যাখ্যা কর। ২
গ. জনাব আঃ জব্বার এবং সন্তানদের মধ্যে কোন জিনিসের অভাব লক্ষ্য করা যায়। বিশ্লেষণ কর। ৩
ঘ. উদ্দীপকে পরিবার বিশ্ব প্রকৃতির শাশ্বত রূপ" এ কথাটির যথার্থতা মূল্যায়ন করে তোমার মতামত উপস্থান কর। ৪

৬.▶ জনাব আকরাম একজন সৎ ও কর্মঠ চাকরিজীবী। তার সংসারে সর্বদা অভাব-অনটন লেগে থাকে। পরিবারের এ দুরাবস্থা দেখে আকরামের স্ত্রী একদিন তাকে অতিরিক্ত অর্থ উপার্জন এবং দুএকটি মিথ্যা কথা বলার পরামর্শ

http://teachingbd.com

দেন। কিন্তু জনাব আকরাম সাহেব তার স্ত্রীকে বললেন, "মানুষকে ফাঁকি দেয়া গেলেও আল্লাহকে ফাঁকি দেয়া যায় না।". তিনি মহানবী (সাঃ) এর হাদিস উপস্থান করেন "মহানবী (সাঃ) বলেন "ঘুষদাতা ঘুষগ্রহীতা উভয়ই জাহান্নামী। মহানবী (সাঃ) আরও বলেন, "তোমরা মিথ্যা থেকে বেঁচে থাক। কেননা মিথ্যা পাপের দিকে নিয়ে যায়। আর পাপ জাহান্নামের দিকে নিয়ে যায়।"

ক. গীবত অর্থ কী? ১
খ. হাদীসে ঘুষকে কি বলা হয়েছে? বুঝিয়ে লিখ। ২
গ. কিসের ভিত্তিতে আঃ জব্বার অসৎ পথ অবলম্বন করতে সম্মত হলেন না? লিখ। ৩
ঘ. জনাব আকরাম সাহেব এর স্ত্রীর মতামতকে তুমি সমর্থন কর? যদি সমর্থন না কর তাহলে তার উত্তরের পক্ষে যুক্তি উপস্থান কর। ৪

৭.▶ মহান আল্লাহ এ পৃথিবীতে মানব জাতিকে সৃষ্টির সেরা জীব হিসেবে সৃষ্টি করেছেন। তিনি মানব জাতিকে তার জীবন পরিচালনা করার জন্য যাবতীয় উপায় উপকরণ ও দিকনির্দেশনা দিয়েছেন। মানব জাতির জন্য যা ক্ষতিকর তাও স্পষ্ট ভাষায় বলেছেন। মাদকদ্রব্য, আফিম, সিগারেট, বিড়ি, হুক্কা ইত্যাদি মাদকদ্রব্য মানুষের জন্য মারাত্মক ক্ষতিকর বলে ইসলাম নিষেধ করা হয়েছে। মহানবী (সাঃ) বলেন যাবতীয় নেশার বস্তু হারাম।"

ক. পবিত্র কোরআনের ভাষায় জুয়াকে কী বলা হয়েছে? ১
খ. "ধুমপান বিষপানের চেয়ে মারাত্মক" উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মানুষের জন্য যে সকল ক্ষতির দিকগুলোর কথা বলা হয়েছে তা কি কি? বুঝিয়ে লিখ। ৩
ঘ. উদ্দীপকে যে সকল ক্ষতির দিকগুলোর কথা বলা হয়েছে তা থেকে পরিত্রাণের জন্য কী কী পন্থা অবলম্বন করতে হবে? বিস্তারিত লিখ। ৪

৮.▶ জনাব জানে আলম একটি মুসলিম দেশে পাঁচ বছর চাকরি করেছিলেন। তিনি পাঁচ ওয়াক্ত নামাজ আদায়ের পাশাপাশি যাকাত আদায় করেন। তিনি মনে করেন যাকাত দিলে সম্পদ কমে না বরং বৃদ্ধি পায়। কিন্তু তার কয়েকজন বন্ধু ধন-সম্পদের অনেক মালিক হওয়া সত্ত্বেও দরিদ্রদের কোন অর্থ প্রদান করেন না। একদিন তার এক বন্ধুকে বলেছিলেন শারীরিক ইবাদতের মত আর্থিক ইবাদত ও তোমার উপর ফরয। এ আর্থিক এবাদতের বিরুদ্ধে ইসলামের দ্বিতীয় খলিফা হযরত আবু বকর (রাঃ) যুদ্ধ ঘোষণা করেছিলেন। প্রকৃত মুমিন হতে হলে তোমাকে অবশ্যই যাকাত দিতে হবে।

ক. জিজিয়া কী? ১
খ. ইসলামী ব্যাংক কি? বুঝিয়ে লিখ। ২
গ. কতটুকু সম্পদের মালিক হলে যাকাত দিতে হবে? যাকাত ফরজ হওয়ার দলীল এবং যাকাত না দিলে কী কী শাস্তি পেতে হবে কোরআন, হাদিস ও তোমার মতামত লিখ। ৩
ঘ. আর্থিক ইবাদতে রয়েছে সামাজিক ও অর্থনৈতিক গুরুত্ব এ কথার সমর্থনে তোমার মতামত ও যুক্তি উপস্থান কর। ৪

http://teachingbd.com

৯. ▶ বাংলাদেশ একটি মুসলিম স্বাধীন রাষ্ট্র। বাংলাদেশের জনগণের মধ্যে মুসলমানদের সংখ্যা বেশি হলেও এ দেশে নানা ধর্ম বর্ণের লোক একত্রে বসবাস করে। বাংলাদেশের জনগণের মধ্যে সাম্প্রদায়িক সম্প্রীতি রয়েছে। অমুসলিম নাগরিকেরা এদেশে তাদের অধিকার ও মর্যাদা লাভ করবে। সকল ধর্মের লোকেরা একত্রে বসবাস করবে। মূলত সে বিষয়টির দিকনির্দেশনা রয়েছে মহানবী (সাঃ) এর মদিনার সনদে। যা পৃথিবীর ইতিহাসে প্রথম লিখিত সংবিধান।

ক. ইসলামী রাষ্ট্র কাকে বলে? ১

খ. মদিনা সনদের ১০টি ধারা লিখ। ২

গ. বাংলাদেশের সকল ধর্মের লোকেরা একত্রে বসবাস করবে মদিনা সনদের আলোকে ব্যাখ্যা বিশ্লেষণ কর এবং তোমার মতামত লিখ। ৩

ঘ. মদিনা সনদ পৃথিবীর সর্বপ্রথম লিখিত সংবিধান পাঠ্য পুস্তকের আলোকে বর্ণনা কর। বর্তমানে মদিনা সনদ আমাদের দেশে প্রয়োজনীয়তা আছে কি? তোমার মতামত লিখ। ৪

১০. ▶ ছালেহ আহমদ, সাহেব আরব দেশগুলোর মধ্যে ভ্রমণে গেলেন সেখানে গিয়ে দেখলেন রাষ্ট্র ব্যবস্থা কোরআন ও সুন্নাহ ভিত্তিক। সেখানকার রাষ্ট্র প্রধান একজন পুরুষ। সেখানে মানুষের সকল ধরনের নিরাপত্তা রয়েছে। সরকার প্রধান এবং অন্যান্য মুসলমানগণ আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে জনগণের সেবা করে থাকেন। মধ্যপ্রাচ্যের এরূপ সুখ-শান্তি দেখে জনাব ছালেহ আহমেদ-এর হৃদয় মুগ্ধ হলেন।

ক. মজলিশ শুরা কী? লিখ। ১

খ. ইসলামী রাষ্ট্র ব্যবস্থার উৎস কী? বুঝিয়ে লিখ। ২

গ. জনাব ছালেহ আহমদ-এর দেশটিকে কীরূপ রাষ্ট্র হিসেবে অভিহিত করা যায় বিশ্লেষণ কর। ৩

ঘ. তুমি কি মনে কর আমাদের দেশ কুরআন ও সুন্নাহ অনুযায়ী পরিচালিত হয়। তোমার মতামত যুক্তি সহকারে লিখ। ৪

১১. ▶ শিক্ষক পাঠদানকালে ছাত্র/ছাত্রীদেরকে জিজ্ঞাসা করলেন বিশ্ব ভ্রাতৃত্ব ও ইসলামী ভ্রাতৃত্ব কী? ছাত্র/ছাত্রী বলল বিশ্বের সকল মানুষের মধ্যে সুসম্পর্ক সাম্য নিরাপত্তা ও পারস্পরিক সাহায্য সহযোগিতা এবং ঐক্য প্রতিষ্ঠিত করা। পরিশেষে শিক্ষক বললেন- সকল মানুষ আদম (আঃ) ও হাওয়া (আঃ) এবং বংশধর। সুতরাং পৃথিবীর সকল মানুষ ভাই ভাই। এ সম্পর্কে মহানবী (সাঃ) বলেন, তোমরা সকলেই এক আদম হতে উৎসারিত। আর আদম হলেন মাটির তৈরি।

ক. উম্মাহ শব্দের অর্থ কী? ১

খ. ইসলামী ভ্রাতৃত্ব বিশ্ব ভ্রাতৃত্বের নির্ণায়ক বুঝিয়ে লিখ। ২

গ. ইসলামী ভাতৃত্ব ও বিশ্ব ভ্রাতৃত্বের রূপরেখা কি? তোমার মতামত যুক্তিসহকারে লিখ। ৩

ঘ. বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় উখুয়াতের গুরুত্ব ও তাৎপর্য পবিত্র কোরআন ও হাদিসের আলোকে লিখ এবং প্রমাণ কর ইসলামই মানুষের জাতির একমাত্র শান্তির পথ। ৪

http://teachingbd.com

ইসলাম শিক্ষা প্রথম পত্র

বিষয় কোড | ২ | ৪ | ৯

সময় — ৩০ মিনিট

বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*বিশেষ দ্রষ্টব্য: — সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।*

**১. ইসলামি শিক্ষা কোন ধরনের শিক্ষা?**
ⓚ রিসালাত ভিত্তিক ⓚ আখিরাত ভিত্তিক
ⓖ তাওহিদ ভিত্তিক ⓖ ইবাদত ভিত্তিক

**২. স্ত্রীর মহর পরিশোধ করা—**
ⓚ ফরজ ⓚ সুন্নত
ⓖ মুস্তাহাব ⓖ মোবাহ

**৩. 'কানুন ফিততিব' কোন বিষয়ক—**
ⓚ দর্শন ⓚ চিকিৎসা
ⓖ ভূগোল ⓖ গণিত

**৪. ইসলামি শিক্ষার মাধ্যমে জ্ঞান লাভ করা যায়—**
i. ইবাদতের রীতি ও পদ্ধতি সম্পর্কে
ii. মানুষের জীবন প্রণালী সম্পর্কে
iii. আল্লাহর পরিচয় সম্পর্কে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৫. ইসলামি সংস্কৃতিতে পোশাক পরিচ্ছদ হবে—**
i. শালিন ii. শোভন
iii. মার্জিত
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৬. মুমিন আল্লাহর ভয়ে যাবতীয় অন্যায় কাজ বর্জন করে ন্যায়নিষ্ঠ জীবনযাপন করে। তার অনুসৃত সংস্কৃতি কী রূপ?**
ⓚ বিশ্বজনীন ⓚ ভারসাম্যপূর্ণ
ⓖ ন্যায়ানুগ ⓖ তাকওয়াপূর্ণ

**নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও:**
কয়েক যুগ চেষ্টা সাধনার পর জনাব করিমের নেতৃত্বে তুরস্কে ইসলামি রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়েছে। জনাব করিম সে দেশের রাষ্ট্রপ্রধান।

**৭. তুরস্কে কোন ধরনের শাসনব্যবস্থা প্রতিষ্ঠিত হয়েছে?**
ⓚ কুরআন-সুন্নাহভিত্তিক
ⓚ উদার গণতান্ত্রিক
ⓖ রাজতন্ত্রভিত্তিক
ⓖ সমাজতান্ত্রিক

**৮. জনাব করিম এর প্রধান দায়িত্ব হচ্ছে—**
i. সালাত কায়েম করা
ii. যাকাত আদায় ও বন্টন করা
iii. সৎ কাজে আদেশ দেওয়া এবং অসৎ কাজ হতে বিরত রাখা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৯. হালাল উপার্জন হচ্ছে—**
ⓚ ফরয ⓚ ওয়াজিব
ⓖ সুন্নত ⓖ মুস্তাহাব

**১০. তাকওয়ার নিকটবর্তী সোপান হচ্ছে—**
ⓚ সবর ⓚ শোকর
ⓖ আদল ⓖ যিকর

**১১. ইসলামি সমাজের মূল ভিত্তি কোনটি?**
ⓚ পরিবার ⓚ ইসলামি পরিবার
ⓖ সংঘ ⓖ ইসলামি সমিতি

**১২. যিকরের মাধ্যমে মানব মন—**
i. পবিত্র হয়
ii. আল্লাহর ভয়ে ভীত হয়
iii. পার্থিব জীবনে আচ্ছন্ন হয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৩. কর্তব্যপরায়ণতার ফলে মানুষের—**
i. অপরাধ হ্রাস পায়
ii. জাতীয় উন্নতি ত্বরান্বিত হয়
iii. পারস্পরিক আস্থা ও বিশ্বাসযোগ্যতা বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও:**
তুহিন সমাজে নাম করা সম্পদশালীদের একজন। গহনা, জমি বা মূল্যবান কিছু বন্ধক রেখে অতিরিক্ত অর্থের বিনিময়ে মানুষকে ঋণ দেওয়াই তার উপার্জনের উৎস। এ ব্যবসায়ে তার লোকসানের ঝুঁকি নেই; বরং লাভের নিশ্চয়তা রয়েছে।

**১৪. তুহিন নিচের কোন ব্যবসায়ে অর্থ বিনিয়োগ করে সম্পদশালী হয়েছে—**
ⓚ সুদের ⓚ গহনার
ⓖ জমির ⓖ মূল্যবান দ্রব্যাদি

**১৫. তুহিনের এ ব্যবসায়ের ফলে—**
i. সমাজে অর্থনৈতিক বৈষম্য সৃষ্টি হবে
ii. ধনী আরো ধনী হবে
iii. গরীবের দারিদ্র আরো বাড়বে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

http://teachingbd.com

১৬. মসজিদ শব্দের অর্থ হচ্ছে—
ক) সিজদার স্থান খ) পবিত্র স্থান
গ) ইবাদত গৃহ ঘ) ধর্মীয় গৃহ

১৭. যাকাত কোন ধরনের ইবাদত?
ক) ওয়াজিব খ) ফরয
গ) সুন্নত ঘ) মুস্তাহাব

১৮. সাদাকাত শব্দের অর্থ কী?
ক) দান খ) উপঢৌকন
গ) বিনিময় ঘ) বিক্রয়

১৯. ইসলামি পরিবার মানুষকে শিক্ষা দেয়—
i. নিয়মানুবর্তিতা
ii. সময়ানুবর্তিতা
iii. স্বেচ্ছাচারিতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২০. ইসলামি পরিবারের শিশুর প্রতি মায়ের প্রধান দায়িত্ব হচ্ছে—
i. প্রাথমিক শিক্ষা দেওয়া
ii. ইসলামি শিক্ষা দেওয়া
iii. অতিরিক্ত মায়া করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২১. রফিক সর্বদা সত্য কথা বলে? বিপদেও সে কখনো মিথ্যা কথা বলে না। রফিককে বলা যায়—
ক) সাবির খ) সাদিক
গ) শাকিব ঘ) যাকির

নিচের উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও:
ফল ব্যবসায়ী স্বপন বহুদিন ধরে ফলের ব্যবসা করে আসছে। তার ফলগুলো সব সময় টাটকা, পাকা ও আকর্ষণীয় রংয়ের হয়ে থাকে। দুর্ভাগ্যবশত তার ফলে মেশানো বিষাক্ত কেমিক্যালের কথা এখনো কেউ টের পায়নি।

২২. ফল ব্যবসায়ী যে কাজটি করে তাকে কী বলে?
ক) খাদ্য দ্রব্যে ভেজাল
খ) খাদ্য টাটকা রাখা
গ) ফল পাকানো
ঘ) ফল রঙানো

২৩. জঘন্যতম অপরাধের ফলে সে—
i. আল্লাহর নির্দেশ অমান্য করছে
ii. হারাম কাজ সম্পন্ন করবে
iii. জাহান্নামী হবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. ইসলামি রাষ্ট্রের সার্বভৌমত্বের মালিক হচ্ছেন—
ক) ব্যক্তির খ) জনগণের
গ) রাষ্ট্রপ্রধানের ঘ) আল্লাহর

২৫. মজলিসে শূরা বলতে কী বোঝায়?
ক) আইন সভা খ) রাজ্য সভা
গ) পরামর্শ সভা ঘ) বিধান সভা

২৬. উম্মাহ শব্দের অর্থ কী?
ক) দল খ) দাওয়াহ
গ) মুসলিম ঘ) আহ্বান

২৭. সামাজিক অনাচার বলতে বুঝায়?
i. সন্ত্রাস, মাদকাসক্তি, চুরি, ব্যভিচার
ii. সুদ, ঘুষ, প্রতারণা, ফেৎনা-ফাসাদ
iii. নারী নির্যাতন, ইভটিজিং, যৌতুক
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৮. ইসলামি রাষ্ট্রের রাষ্ট্র প্রধানের কর্তব্য হলো—
i. দীন প্রতিষ্ঠা করা
ii. আল্লাহর সার্বভৌমত্ব সংরক্ষণ
iii. নিজ বিবেক বুদ্ধি অনুযায়ী বিচার করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৯. ইসলামি উখওয়াত তাদের জন্য—
i. যারা আল্লাহর ওপর ঈমান আনে
ii. যারা রাসুল (স)-এর আদর্শের অনুসরণ করে
iii. যারা বিশ্ববাসীকে অকাতরে দান করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০. রফিক ও সফিক তাওহিদ ও রিসালাত দৃঢ়ভাবে বিশ্বাস করে। তাদের মধ্যে কোন ধরনের ভ্রাতৃত্ব প্রতিষ্ঠিত?
ক) মূলগত
খ) ইসলামি
গ) উরষজাত
ঘ) কৃত্রিম

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ক | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | ক | ১০ | গ | ১১ | খ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | ক | ২১ | খ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | খ |

http://teachingbd.com